



GRRIPP

Gender Responsive
Resilience and Intersectionality in
Policy and Practice



মাচিটেন্ডার নারী অর্থনৈতিক চালিকাশক্তি

ইকোস অফ হিউম্যানিটি

মাসভিঙ্গো, জিষাবুয়ে

পটভূমি

মাসভিঙ্গো এবং জিষাবুয়ের আশেপাশের এলাকার গ্রামীণ সম্প্রদায়ের উন্নয়নের জন্য কাজ করার লক্ষ্য নিয়ে ডঃ চ্যারিটি চেঙ্গা ২০২১ সালে ইকোস অফ হিউম্যানিটি (Echoes of Humanity) প্রতিষ্ঠা করেন।

তাদের মাচিটেন্ডার নারী অর্থনৈতিক চালিকাশক্তি (The Machitenda Women Economic Riders) প্রকল্প জিষাবুয়েতে বসবাসকারী গ্রামীণ নারীদের অর্থনৈতিক ক্ষমতায়ন ও সামাজিক উন্নয়নে কাজ করছে।

নারীদের পরিবহন সমস্যা সমাধানের জন্য এই প্রকল্পটি একটি সৌর বিদ্যুৎ কেন্দ্র তৈরি করেছে যার মাধ্যমে ন্যূনতম পাঁচটি সৌর বৈদ্যুতিক ট্রাইককে (এক ধরনের বাইক) চার্জ দেওয়া যায়। এটি নারীদের কৃষি বাজারে প্রবেশ সহজলভ্য করবে যা তাদের নিজেদের এবং পরিবারের অর্থনৈতিক উপার্জনে সহায়তা করবে।

সংস্থাটির মাধ্যমে, ডঃ চেঙ্গা স্বাস্থ্য এবং সামাজিক কল্যাণের উপর বিশেষ দৃষ্টি দিয়ে জেন্ডার সমতা প্রতিষ্ঠার মাধ্যমে সহনশীলতা বৃদ্ধিতে গুরুত্ব আরোপ করেছেন। তিনি কেন্দ্র বিশ্ববিদ্যালয় থেকে অভিবাসন বিষয়ে (migration) পিএইচডি করেছেন।

উদ্দেশ্যসমূহ

ইকোস অফ হিউম্যানিটি এর লক্ষ্য নারী ও তাদের সমাজের ক্ষমতায়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের সুবিধা প্রদান করা, টেকসই উন্নয়ন অর্জন করা এবং প্রকল্পের সুবিধাগুলি থেকে অন্যান্যদের জন্যও সুযোগ তৈরি করা।

গ্রিপ প্রকল্পটির উদ্দেশ্য জিষাবুয়ের মাসভিঙ্গোতে বৈদ্যুতিক ট্রাইকের ব্যবস্থা করে নারীদের আর্থ সামাজিক অবস্থার উন্নতি করা।

অর্থাৎ, সুবিধাভোগী নারীরা তাদের কৃষিপণ্য নিজেরা বাজারে বিক্রির জন্য আনতে পারবে এবং তাদের পরিবারে খাদ্য ও অন্যান্য সম্পদের চাহিদা মেটাতে পারবে।



জিষাবুয়ের মাসভিঙ্গোতে সাইট প্রস্তুতির পরে সৌর প্যানেল ইনস্টল করা হয়েছে।

ক্রেডিট: ইকোস অফ হিউম্যানিটি

কার্যাবলি

- সমাজের নেতৃস্থানীয় ব্যক্তি, নারী এবং সাধারণ মানুষকে প্রকল্প সম্পর্কে অবহিত করা এবং আলোচনার জন্য সভার আয়োজন।
- সৌর বিদ্যুৎ কেন্দ্রের জন্য কাঠামো প্রস্তুত এবং সুরক্ষিত করা।
- সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ।
- সৌর ইউনিটের ব্যবহার এবং রক্ষণাবেক্ষণের বিষয়ে নারীদের প্রশিক্ষণ দেওয়া।
- অস্থায়ী লাইসেন্স এর জন্য নারীদের প্রশিক্ষণ দেওয়া, তাদের গাড়ি চালানো শেখানো এবং তাদের মালামাল স্বাধীনভাবে পরিবহনে সক্ষম করে তোলা।

প্রভাব

সমাজের সদস্যরা (বিশেষ করে নারীরা) যারা প্রশিক্ষিত হয়েছে, তারা সৌর শক্তি চালিত বৈদ্যুতিক সিস্টেম সম্পর্কিত জ্ঞান এবং দক্ষতা অর্জন করেছে। এই জ্ঞান এবং দক্ষতা নারীদের আরও সহনশীল করতে অবদান রাখবে, কারণ এটা নারীদের স্বাধীন উপার্জনকারী হওয়ার সুযোগ তৈরি করেছে।

সম্প্রদায়ের কাছে ট্রাইকগুলির প্রবর্তন গ্রামীণ এলাকায় উদ্ভাবন এবং রূপান্তরের প্রতীক। কারণ এখানে নারীরা জলবায়ু পরিবর্তনজনিত সমস্যা সমাধানের চালিকা শক্তি ছিলেন না।

গ্রামপ্রধান এই প্রকল্পটিকে সমর্থন দিয়ে তাদের কার্যক্রম বাড়াতে আরও জমি প্রদান করতে চেয়েছেন।

প্রকল্পভুক্ত নারীরা আরও যেসব দক্ষতা অর্জন করবেন তার মধ্যে রয়েছে ড্রাইভিং প্রশিক্ষণ। কারণ তাদের মধ্যে শীঘ্রই ট্রাইক বিতরণ করা হবে। ট্রাইকের ওপর তাদের প্রশিক্ষণের অংশ হিসেবে থাকবে যানবাহনগুলোর ছোটখাটো মেরামত এবং রক্ষণাবেক্ষণ করা।



ছবিঃ মাসভিঙ্গো, জিম্বাবুয়েতে অস্থায়ী ড্রাইভিং লাইসেন্সের জন্য সুবিধাভোগীরা প্রস্তুতিমূলক পরীক্ষা দিচ্ছেন।

ক্রেডিট: ইকোস অফ হিউম্যানিটি



ডঃ চ্যারিটি চেঙ্গা, ইকোস অফ হিউম্যানিটি এর প্রতিষ্ঠাতা

মাচিটেশার নারী অর্থনৈতিক চালিকাশক্তি
মাসভিঙ্গো, জিম্বাবুয়ে

Email: charity@lighthousecare.co.uk

www.gripp.net

A project funded by 'Gender Responsive Resilience & Intersectionality in Policy & Practice' (GRRIPP) - Networking Plus Partnering for Resilience' a UKRI Collective Fund award



GRRIPP
Gender Responsive
Resilience & Intersectionality in
Policy & Practice



UK Research
and Innovation



GCRF
Global Challenges
Research Fund